যুগান্তর

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

...UG. 14 2002



ভিপি মশিউল আলম জিএস আবু জাফর

# বিএম কলেজ ছাত্র সংসদ নির্বাচনে ঐক্য প্যানেল বিজয়ী

বরিশাল ব্যুরো

বরিশাল সরকারি বিএম কলেজে গতকাল মঙ্গলবার অনুষ্ঠিত ছাত্র সংসদ নির্বাচনে ছাত্রঐক্য প্যানেল বিজয়ী হয়েছে। ভিপি পদে ছাত্রদলের মশিউল আলম সেন্টু এবং জিএস পদে একই সংগঠনের আবু জাফর বাদল নির্বাচিত হন। ছাত্রশিবিরের সঙ্গে

বিজয়ী : পৃষ্ঠা : ২ কলাম : ৫

## বিজয়ী : বিএম কলেজ

গঠিত এই ঐক্য প্যানেলে এজিএসসহ তিনটি পদ শিবিরকে দেয়া হয়। সকাল ৮টা থেকে দুপুর ১টা ভোটদানকালে ক্যাম্পাসের পরিবেশ ছিল মুখরিত। শান্তিপূর্ণভাবে ভোটদান সম্পন্ন হয়েছে। সকালের দিকে ভোটারের চাপ কিছুটা বেশি থাকলেও ১১টার পর কেন্দ্রগুলোতে ভোটার উপস্থিতি তেমন দেখা যায়নি। পাঁচটি প্যানেলের মধ্যে নির্বাচন অনুষ্ঠিত হলেও ২৬টি কেন্দ্রের মধ্যে মাত্র একটি কেন্দ্রে চার প্যানেলের চারজন এজেন্ট এবং দু'টি কেন্দ্রে তিন প্যানেলের তিনজন এজেন্টকে পাওয়া যায়। কলেজে ভোটারের সংখ্যা ১৮ হাজার ৫১ জন। শতকরা ৩৫ ভাগ ভোটার তাদের ভোট প্রদান করেন। গতকাল বিকালে বিএম কলেজ ছাত্র সংসদ নির্বাচনে অংশগ্রহণকারী ৫ নং প্যানেল এক সাংবাদিক সম্মেলনে নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক বলেন, সব দলের অংশগ্রহণের ভিত্তিতে নির্বাচন না হলে নির্বাচন কখনও অর্থবহ হতে পারে না।